

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ১৯ মার্চ ২০২৫ তারিখ বেলা ২.৩০ টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা জনাব মোঃ আব্দুল হালিম ভূঞা, পরিচালক, প্রশাসন ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।	বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণের বিষয়ে আলোচনা করা হয়।	গত ১৮ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.	পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি।	জনাব মোঃ জিল্লুর রহমান, উপপরিচালক (অর্থ ও হিসাব) ও ফোকাল পয়েন্ট জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রমের আওতায় অফিসের কর্ম-পরিবেশ উন্নয়নের নিমিত্ত স্বাস্থ্যবিধি অনুসরণে কর্মকর্তা-কর্মচারী ও দর্শনাথীগণ কর্তৃক যথাসম্ভব স্যানিটাইজার ব্যবহার করা, কর্মকর্তা-কর্মচারী ও দর্শনাথীগণ কর্তৃক সাবান পানি দিয়ে নিয়মিতভাবে হাত ধোঁত করা সহ অফিস কক্ষ ও করিডোরে ডিজইনফেকট্যান্ট স্প্রে ব্যবহার করা যেতে পারে।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রমের আওতায় অফিসের কর্ম-পরিবেশ উন্নয়নের নিমিত্ত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কর্মকর্তা-কর্মচারী ও দর্শনাথীগণ কর্তৃক যথাসম্ভব স্যানিটাইজার ব্যবহার করা, কর্মকর্তা-কর্মচারী ও দর্শনাথীগণ কর্তৃক সাবান পানি দিয়ে নিয়মিতভাবে হাত ধোঁত করা সহ অফিস কক্ষ ও করিডোরে ডিজইনফেকট্যান্ট স্প্রে ব্যবহারে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নসহ বাজেট বাস্তবায়ন।	জনাব মোঃ জিল্লুর রহমান, উপপরিচালক (অর্থ ও হিসাব) জানান যে, ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা অনুমোদনপূর্বক গত ৩১ জুলাই ২০২৪ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এক্ষণে, অনুমোদিত ক্রয় পরিকল্পনার ৩য় ত্রৈমাসিকে ক্রয়ের প্যাকেজসমূহ আগামী ২৬ মার্চ ২০২৫ তারিখের মধ্যে যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ৩য় ত্রৈমাসিকে ক্রয়ের প্যাকেজসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন আগামী ৩০ মার্চ ২০২৫ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ) এর বরাবরে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ কর্মকর্তা

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আব্দুল হালিম ভূঞা

পরিচালক (প্রশাসন ও অর্থ)
(অতিরিক্ত দায়িত্ব)

ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১

ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ২৭৬

তারিখ: ০৭ চৈত্র ১৪৩১
২৬ মার্চ ২০২৫

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), এ ইউনিট।
- ০৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ০৫। জনাব মোঃ একরামুল হক, সহকারী পরিচালক (প্রশাসন), এ ইউনিট।
- ০৬। জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ অফিসার, এ ইউনিট।
- ০৮। জনাব/বেগম এ ইউনিট।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস কপি।

১৭/৩/২৫
মোঃ জিল্লুর রহমান,
উপপরিচালক (অর্থ ও হিসাব)
ফোন: +৮৮০-২-৪১০৫৩৫১৪
ই-মেইল: cpeimu2011@gmail.com